

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৯৩

পর্ব-৭: সওম (রোযা) (১ সার্বা)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সওম পর্বের বিক্ষিপ্ত মাস্আলাহ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَفْطَرَ قَالَ: «ذَهَبَ الظَّمَأُ وَابْتَلَّتَ الْعُرُوقُ وَثَبَتَ الْأَجْرُ إِنْ شَاءَ الله» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১৯৯৩-[১২] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইফতার করার পর বলতেন, পিপাসা চলে গেছে, (শরীরের) রগগুলো সতেজ হয়েছে। আল্লাহর মর্জি হলে সাওয়াব প্রতিষ্ঠিত হয়ে গেছে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ২৩৫৭, মুসতাদারাক লিল হাকিম ১৫৩৬, ইরওয়া ৯২০, সহীহ আল জামি' ৪৬৭৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮১৩৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: وَثَبَتَ الْأَجْنُ) "পুরস্কার সাব্যস্ত হয়েছে" অর্থাৎ- সিয়াম পালনের ক্লান্তি দূর হয়েছে এবং সিয়ামের সাওয়াব সাব্যস্ত হয়েছে।

ইমাম ত্বীবী বলেনঃ ক্লান্তি দূর হওয়ার পর বিনিময় সাব্যস্ত হওয়ার উল্লেখ পরিপূর্ণভাবে স্বাদ গ্রহণের বহিঃপ্রকাশ। যেমন আল্লাহ তা'আলা জান্নাতবাসীদের বক্তব্য বর্ণনা করেছেন এ বলে,

رُبَّنَا لَغَفُوْرٌ شَكُوْرٌ مَا الْحَرْنَ إِنَّ رَبَّنَا لَغَفُوْرٌ شَكُوْرٌ شَكُوْرٌ شَكُوْرٌ شَكُوْرٌ شَكُوْرٌ مَا اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهُ الل



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন